

নৌপরিবহন প্রতিমন্ত্রী ও ব্রিটিশ ট্রান্সপোর্ট মন্ত্রীর বৈঠক
যুক্তরাজ্য ও বাংলাদেশের মধ্যে নৌপরিবহন সেক্টরে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধির আহ্বান

লন্ডন, ২ ডিসেম্বর ২০২২;

বাংলাদেশের নৌপরিবহন সেক্টরকে আরো আধুনিক, যুগোপযোগী ও পরিবেশবান্ধব করার জন্য যুক্তরাজ্য ও বাংলাদেশের মধ্যে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধির আহ্বান জানিয়েছেন নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী এমপি।

প্রতিমন্ত্রী আজ (২ ডিসেম্বর) লন্ডনে ব্রিটিশ ট্রান্সপোর্ট মন্ত্রণালয় এর এভিয়েশন, মেরিটাইম ও সিকিউরিটি বিষয়ক মন্ত্রী (পারলামেন্টারি আন্ডার সেক্রেটারি) ব্যারনেস ভেরি অফ নরবিটন এর সঙ্গে এক দ্বিপাক্ষিক বৈঠকে এ আহ্বান জানান।


প্রতিমন্ত্রী বলেন, ১৯৭২ সালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর অনুরোধে ব্রিটিশ টেকনিক্যাল কো অপারেশন এইড এর সহযোগিতায় প্রথম বাংলাদেশে মেরিন একাডেমীর যাত্রা শুরু হয়। প্রতিমন্ত্রী দু'দেশের দ্বিপাক্ষিক সম্পর্কের ৫০ বছর উপলক্ষে বাংলাদেশের নৌপরিবহন সেক্টরের বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতার বিশেষত বাংলাদেশী নাবিকদের সার্টিফিকেট অফ কম্পিটেন্সীর মিউচুয়াল রিকগনিশন এর জন্য অনুরোধ জানান। এছাড়াও বাংলাদেশী নাবিকদের যুক্তরাজ্যের বিভিন্ন বন্দরে অন এরাইভাল ভিসা প্রদানের জটিলতা দূর করার অনুরোধ জানান।

বৈঠকে ব্রিটিশ মন্ত্রী বাংলাদেশের নৌপরিবহন সেক্টরে প্রধানমন্ত্রী শেখ হাসিনার গৃহীত উদ্যোগ সমূহের বিশেষ করে বাংলাদেশের ১৬,০০০ নাবিক এবং ১৪ টি মেরিন ইন্সটিটিউট থেকে বছরে ৫,০০০ এর বেশী মেরিনার এবং ১০০ মহিলা মেরিনার এর উপস্থিতির ভূয়সী প্রশংসা করেন। ব্রিটিশ মন্ত্রী জলবায়ু পরিবর্তন মোকাবেলায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্বের প্রশংসা করেন।

এছাড়াও মন্ত্রীদ্বয় দু'দেশের মেরিটাইম ইন্সটিটিউটের মধ্যে গবেষণা ও প্রশিক্ষণ এ সহযোগিতার প্রত্যয় ব্যক্ত করেন। দুই মন্ত্রী জলবায়ু পরিবর্তন মোকাবেলায় মেরিটাইম সেক্টরে ডিকারবোনাইজেশনের প্রয়োজনীয়তা উল্লেখ করেন।

ব্রিটিশ ট্রান্সপোর্ট মন্ত্রণালয়ে অনুষ্ঠিত এ বৈঠকে যুক্তরাজ্যে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার সাইদা মুনা তাসনিম এবং নৌপরিবহন অধিদফতরের মহাপরিচালক কমডোর মোঃ নিজামুল হক উপস্থিত ছিলেন।

নৌপরিবহন প্রতিমন্ত্রী ইন্টারন্যাশনাল মেরিটাইম অর্গানাইজেশনের ১২৮ তম কাউন্সিলে অংশগ্রহণের জন্য যুক্তরাজ্য সফর করছেন।


মো. জাহাঙ্গীর আলম খান
সিনিয়র তথ্য অফিসার
নৌপরিবহন মন্ত্রণালয়
০১৭১১-৪২৫৩৬৪